



মোবাইল অ্যাপ্লিকেশন ডাউনলোড ও ব্যবহারের ক্ষেত্রে সতর্কতা



Digital
Literacy
Center

এইযে ভাঙ্গি
তোর মামা কিন্তু আগের
মামা নেই পুরাই
স্মার্ট হয়ে গেলো

কী বলো মামা? তুমি তো
আগে থেকেই স্মার্ট।

আরে না এই দেখ
নতুন স্মার্টফোন
কিনে নিলাম

হা হা হা! মামা স্মার্টফোন নিলেই
কেউ স্মার্ট হয়ে যায় না।

যেমনঃ ইন্টারনেট ব্যবহার করা, ইমেইল
পাঠানো, ইউটিউবে ভিডিও দেখা, দিক
নির্ণয় করা, লেখা কম্পোজ করা,
রিমোট হিসেবে ব্যবহার করা ইত্যাদি।
জানতে হয়

তাই নাকি
তাহলে কী
করতে হবে?

স্মার্টফোন হচ্ছে এক বিশেষ ধরনের মোবাইল ফোন
যা দিয়ে যোগাযোগ করার সাথে সাথে আরো বিভিন্ন
ধরনের কাজ করা যায় যে কাজগুলো সাধারণ
মোবাইল ফোন দিয়ে করা যায় না।

এ কাজগুলো
কীভাবে করা যায়
একটু দেখিয়ে দে তো

স্মার্টফোনে বিভিন্ন ধরনের কাজের জন্য রয়েছে
বিভিন্ন রকম অ্যাপ/অ্যাপ্লিকেশন।

এই অ্যাপগুলো ডাউনলোড করলেই
তুমি সব কাজ করতে পারবে।

তাই নাকি?
তাহলে বল না
কীভাবে অ্যাপ
ডাউনলোড করবো

শোনো মামা,

মোবাইল অ্যাপ্লিকেশন ডাউনলোড করার
আগে যদি আমরা কিছু সতর্কতা অবলম্বন
না করি তাহলে মোবাইলে সংরক্ষিত সকল
তথ্য (যেমনঃ ছবি, ফোন নম্বর ইত্যাদি)
চুরি হওয়া ছাড়াও মোবাইলে ব্যবহৃত
বিভিন্ন অ্যাকাউন্ট (যেমন- ফেসবুক,
হোয়াটস অ্যাপ, ইমেইল) হ্যাক হয়ে
যাওয়ার সম্ভাবনা থাকে।

তাই আমাদের অবশ্যই অ্যাপ ডাউনলোড করার
সময় এই সাবধাণতাপলো মেনে চলতে হবে।

কী কী বিষয়ে
সাবধাণ হতে হবে
তাহলে সেটা
আগে বল?

বলছি শোনো,

প্রথমেই ডাটা কিনে বা ওয়াইফাই এর মাধ্যমে
মোবাইলে ইন্টারনেট চালু করতে হবে।

তারপর গুগল প্লে স্টোর অথবা অ্যাপ স্টোরে
আমাদের প্রয়োজন মত অ্যাপের নাম দিয়ে সার্চ দিলে
একই নামে অনেকগুলো অ্যাপ সামনে আসতে পারে।

এই অবস্থায় আমরা অভিজ্ঞ কারও সাহায্যে যদি
অ্যাপটিতে অন্যান্য ব্যবহারকারীদের মতামত
(রিভিউ) এবং অ্যাপের বিবরণ (ডিসক্রিপশন) পড়ি
তাহলে সহজেই বুঝতে পারবো কোনটি আসল।

তবে অনেক অ্যাপে মিথ্যা ও
ভুল রিভিউ থাকতে পারে।

তাই রিভিউ পড়ার সময় অবশ্যই এ বিষয়ে ভালো বোঝে
এমন নিকটজনের সহায়তা নিয়ে বোঝার চেষ্টা করতে হবে
যে কোন রিভিউগুলো সত্য আর কোনগুলো মিথ্যা।

ঠিক আছে,
তারপর?

যেকোনো অ্যাপ ডাউনলোড করার সময় অবশ্যই
অভিজ্ঞ নিকটজনের সাহায্য নিয়ে মোবাইলে
আপডেটেড অ্যান্টি-ভাইরাস সচল করে নিবে।

ফ্রি অ্যাপ ডাউনলোড করার
সময় অন্য সফটওয়্যার বা
ফাইল ডাউনলোড হয়ে যেতে
পারে। কোন অবস্থাতেই সেগুলো
মোবাইলে ইন্সটল করবে না।

আচ্ছা করবো না।
তারপর?

যেকোনো অ্যাপ ডাউনলোড করার আগে গুগল প্লে
স্টোর বা অ্যাপ স্টোরের বিবরণ (ডেসক্রিপশন)
পেইজে "এভিটরস চয়েস" অথবা "টপ ডেভেলপার"

এ ধরনের লেখা থাকলে অ্যাপটি আসল হওয়ার
সম্ভাবনা বেশি থাকে।

তাই এই দিকে খেয়াল রাখবে।

এছাড়া কোনো অ্যাপ ইন্সটল করার সময় ঠিক যে
কাজের জন্য অ্যাপটি ডাউনলোড করা হয়েছে তা
বাদে যদি অপ্রয়োজনীয় তথ্য চায় তাহলে সেই
অ্যাপটি নকল ও বুর্কিপূর্ণ হওয়ার সম্ভাবনা বেশি।

এ ধরনের অ্যাপ ইন্সটল করা থেকে বিরত থাকবে।

মনে থাকবে?

এ বিষয়গুলো মনে
রাখলেই কী আমি
স্মার্ট হতে পারবো?

অবশ্যই মামা। এ বিষয়গুলো মনে
চললে তুমি নিরাপদও থাকবে।

তোকে অনেক
ধন্যবাদ।